


A Bengali Peer-Reviewed Journal

ISSN : 2454-4884



সংশ্লিষ্ট



24544884

॥ বিশেষ সংখ্যা ॥

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
ও
বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
এবং
॥ অন্যান্য প্রবন্ধ ॥



পঞ্চম বর্ষ ॥ দ্বিতীয় মংখ্যা

জুন, ২০২০ ইং

সম্পাদক : উত্তম দাস

- ❖ লীলাকীর্তনের আঙ্গিক বিকাশ : 'নাট্যশাস্ত্র' -এর প্রেক্ষিতে
নীহার রঞ্জন মন্ডল # ২৫৭
- ❖ অন্নদাশঙ্কর রায়ের ছড়ায় দেশ-কালের কথা
উত্তম দাস # ২৬৯
- ❖ আধুনিকতা ও মধ্যযুগীয় সাহিত্য
শ্রীপর্ণা বণিক # ২৭৭
- ❖ একাকী মহিমায় আসীন পাকুড়রাজ পৃথ্বীচন্দ্রের 'গৌরীমঙ্গল' (প্রসঙ্গঃবন্দনা অংশ)
রাজীব রায় # ২৯৪
- ❖ পূর্ববঙ্গীয় নমঃশূদ্র জাতির লোকায়ত সাংস্কৃতিক জীবনের চালচিত্র প্রেক্ষাপটে বিভিন্ন পূজা পার্বণ ও উৎসব
সুফল সরকার # ৩০১
- ❖ শ্রীমন্ত শঙ্করদেব ও মহাপ্রভু চৈতন্যদেব : একটি তুলনামূলক আলোচনা
আবদুল্লাহ রহমান # ৩০৮
- ❖ 'মাটি'র কবি অভিমন্যু মাহাত
দেবশীষ মণ্ডল # ৩১১
- ❖ GEO-ENVIRONMENTAL ASSESSMENT OF LACHUNG WATERSHED IN THE NORTH DISTRICT, SIKKIM WITH SPECIAL REFERENCE TO TEMPORAL LANDUSE CHANGES AND IT IMPACT ON ENVIRONMENTAL DEGRADATION"
KRITIMAN BISWAS # ৩১৭
- ❖ মল্লিকা সেনগুপ্তের 'অনার্যর তির': কবিতায় ভাষানির্মাণ
কেশব মল্লিক # ৩২৪
- ❖ কাজী নজরুল ইসলাম : শিশু সাহিত্য
রোকেয়া পারভীন ৩৪১

কাজী নজরুল ইসলাম : শিশু সাহিত্য

বোকেয়া পারভীন

বাংলা সাহিত্যের শৈশব কাল থেকেই শিশু সাহিত্য রচিত হয়েছে। শিশুসাহিত্যের রচনা করার পূর্বে শিশুদের হৃদয়ের আকৃতি বুঝতে হয়, তাদের একান্ত আপনায় করে ভাবতে হয় এবং সেটাই কবিতার পঙ্ক্তিতে, ছত্রের ছন্দে ছন্দে, গল্পের উপন্যাস, প্রবন্ধের অনুসঙ্গে তুলে ধরতে হয়। শিশুদের শিক্ষামূলক অথচ মনোরঞ্জন গল্প, ছড়া, কবিতা, নাটক, উপন্যাস ইত্যাদিকে সাধারণভাবে শিশুসাহিত্য বলে। এককথায় শিশুদের উপযোগী সাহিত্যই হল শিশুসাহিত্য। শিশুসাহিত্যের রকমারি বিষয়বৈচিত্র্য হয়। যেমন- কল্পনা ও রোমান্স, জ্ঞান-বুদ্ধির উপস্থাপনা, রূপকথা, এভেভেরার আর ভূত-প্রেতের গল্প। সাধারণত ৫ বছরের বেশি এবং ১১ বছরের কাছাকাছি বয়সী শিশুদের মনস্তত্ত্বের দিকে লক্ষ্য রেখে শিশুসাহিত্য রচিত হয়। অবশ্য শিবনাথ শাস্ত্রী শিশুসাহিত্যের শিশুদের বয়স সযত্নে বলেছেন-

“অনেকের মনে ধারণা আছে, মুকুল ছোট ছোট শিশুদের জন্য, অর্থাৎ যাদের বয়স ৮/৯ বৎসরের মধ্যে প্রধানতঃ তাহাদের জন্য। মুকুলে এমন কথা থাকে যাহা এত অল্পবয়স্ক শিশুগণ বুঝিতে পারে না, এবং বুঝিবার কথাও নয়। অতএব মুকুল সম্পূর্ণরূপে ছোট শিশুদের জন্য নহে। যাদের বয়স ৮/৯ হইতে ১৬/১৭র মধ্যে ইহা প্রধানতঃ তাহাদের জন্য। আমরা লিখিবার সময় এই বয়সের বালক-বালিকাদের প্রতি দৃষ্টি রাখিয়া লিখি।” (শিবনাথ শাস্ত্রী কর্তৃক সম্পাদিত শিশুপত্রিকা ‘মুকুল’ এর প্রথম বর্ষের দ্বিতীয় সংখ্যা)

বাংলা সাহিত্যে শিশুসাহিত্যের গোড়াপত্তন ১৮৮৮ সালে কলিকাতা স্কুল-বুক সোসাইটি কর্তৃক প্রকাশিত ‘নৈতিকথা’ নামক গ্রন্থের মাধ্যমে। উপদেশমূলক ১৮টি গল্পের সমন্বয়ে রচিত গ্রন্থটি স্কুলপাঠ্য রূপে ব্যবহৃত হলেও, বলা যায় এটিই প্রথম শিশুসাহিত্য। এরপর একে একে অনেকেই শিশুসাহিত্য রচনায় বতী হয়েছেন। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ‘বোধদয়’ (১৮৫২), ‘কথামালা’ (১৮৫৬), ‘চরিতবলী’ (১৮৫৬), ‘আক্ষয়মঞ্জরী’ (১৮৬৩), ‘বর্ণপরিচয়’ (১৮৬৫); অক্ষয়কুমারের ‘চাক্ষুশা’; মদনমোহন তর্কালঙ্কারের ‘শিশুশিক্ষা’ (১৮৫০-৫৫)। এবং সেই সঙ্গে স্বর্ণকুমারী দেবী কর্তৃক সম্পাদিত ‘বালক’ পত্রিকার উল্লেখ করা যায়। তবে এদের রচনা ছিল নীতি ও উপদেশমূলক এবং পাঠ্যপুস্তকোপযোগী।

এরপর রবীন্দ্রনাথ ঠাকুর শিশুদের জ্ঞানার্জনের সঙ্গে সঙ্গে শিশুদের আনন্দনানের অভিপ্রায়ে কল্পনা প্রধান লেখা লেখেন। বলা যায় তাঁর যুগের প্রায় প্রত্যেক লেখকরা এই পথেই হাঁটেন। রবীন্দ্রযুগের শিশু সাহিত্য মুখ্যত আনন্দমূলক। রবীন্দ্রনাথ শিশু (১৯০০), ‘শিশুতোজনানাথ’ (১৯২২) ‘খাপছাড়া’ (১৯৩৬), ‘ছত্রের ছবি’ (১৯৩৭), ‘সহজ পাঠ’ ইত্যাদি অসংখ্য ছড়া ও কবিতা গ্রন্থ শিশুদের জন্য রচনা করেছেন। এই পর্বের অন্যান্য শিশুসাহিত্যের